যুগান্তর

তারিখ 16 JAN 2016
পৃষ্ঠা ...১৬ কলাম ...

# নানা আয়োজনে জাবি দিবসের কর্মসূচি সমাপ্ত

**জাবি প্রতিনিধি**

নানা আয়োজনের মধ্যদিয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দিবসের ৪ দিনব্যাপী কর্মসূচি শেষ হয়েছে। শুক্রবার সমাপনী দিনে মহাসমারোহে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই ডে মিলনমেলা অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে এ মিলনমেলা উদ্বোধন করেন প্রধান অতিথি ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলাম। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আহ্বায়ক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ও এ বিশ্ববিদ্যালয়ের তৃতীয় ব্যাচের ছাত্র অধ্যাপক ড. শরীফ এনামুল কবির তার বক্তব্যে বলেন, অ্যালামনাই গঠন এবং অ্যালামনাসদের উপস্থিতি দেখে তিনি অনাবিল আনন্দিত।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রো-ভিসি অধ্যাপক ড. আবুল হোসেন। উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য সচিব ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক। উদ্বোধনী অনুষ্ঠানের পর একটি আনন্দ শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ করে সেলিম আল দীন মুক্তমঞ্চে গিয়ে শেষ হয়। এরপর সেলিম আল দীন মুক্তমঞ্চে প্রথম ব্যাচের শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আহ্বায়ক অধ্যাপক ড. শরীফ এনামুল কবির। প্রধান অতিথি হিসেবে ভাষণ দেন ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলাম। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য সচিবের পরিচালনায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রো-ভিসি অধ্যাপক ড. আবুল হোসেন, এ বিশ্ববিদ্যালয়ের চতুর্থ ব্যাচের ছাত্র ও বর্তমানে মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আলাউদ্দিন, প্রথম ব্যাচের ছাত্র ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদের সাবেক ভিপি রফিকউল্লা প্রমুখ বক্তব্য রাখেন। সংবর্ধনা প্রদান শেষে স্মৃতিচারণ, ফানুস উড়ানো, সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা এবং র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়।